গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কেন্দ্রীয় বার্তা সংস্থা
বাংলাদেশ বেতার
শের-ই বাংলা নগর, ঢাকা-১২০৭।

নং-১৫.৫৩.০০০০.২০১.৯৯.০০১.২৩. ২৬৬ তারিখ: ০৪-০৭-২০২৪ খ্রি:

**বিষয়: কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার, ঢাকার ২০২৪-২৫ অর্থবছরের ১ম ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বিষয়ক সভার কার্যবিবরণী।**

সভার তারিখ : ০৩-০৭-২০২৪ খ্রি. সকাল : ১১টা
সভার স্থান : পরিচালক বার্তার কক্ষ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ০৩-০৭-২০২৪ খ্রিঃ তারিখ বুধবার বেলা ১১টায় কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার, ঢাকার ২০২৪-২৫ অর্থবছরের ১ম ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বিষয়ক সভা অনুষ্ঠিত হয়। পরিচালক বার্তা সভায় সভাপতিত্ব করেন। সভার কার্যবিবরণী নিম্নরূপ:

| ক্র: নং | বিষয় বস্তু | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | GPS system | গাড়িতে জিপিএস সিস্টেম চালু করা হলে গাড়ি কোথায় আছে, কত সময় লাগবে ইত্যাদি যাবতীয় বিষয় সম্পর্কে জানা যায়। এতে লগ বইয়ের সাথে সমন্বয় করা সুবিধাজনক হবে। এসব সুবিধা বিবেচনা করে ২০২৪-২০২৫ অর্থবছরে উদ্ভাবন কর্মপরিকল্পনার আওতায় গাড়িতে GPS সিস্টেম চালু করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | পরিচালক বার্তা ও ইনোভেশন টিম |
| ২ | E-Attendance | সংবাদ উপস্থাপক, অনুবাদকসহ সকলের উপস্থিতির সঠিক সময় জানা যাবে বিধায় এ ব্যবস্থা চালুর বিষয়ে আলোচনা হয়। এ লক্ষ্যে ফিঙ্গার প্রিন্ট ভিত্তিক ব্যবস্থা চালুর প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক বার্তা ও ইনোভেশন টিম |
| ৩. | E-Style Guide | সংবাদ আইটেম লিখনে ব্যবহৃত ও বহুল পরিচিত শব্দাবলীর উচ্চারণ ও বানান নিয়ে একটি ই-স্টাইল গাইড প্রবর্তনের বিষয়ে আলোচনা হয়, যা সংশ্লিষ্টদের জন্য অনলাইনে প্রাপ্য হবে। | পরিচালক বার্তা ও ইনোভেশন টিম |

০৪/০৭/২৪
(মোছাঃ তানিয়া নাজনীন)
পরিচালক বার্তা (দৈনন্দিন দায়িত্ব)
ফোন নং: ০২-৪৮১১১৫৮৭২।

মহাপরিচালক, বাংলাদেশ বেতার, ৩১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
নং-১৫.৫৩.০০০০.২০১.৯৯.০০১.২৩. ২৬৬ তারিখ : ০৪-০৭-২০২৪ খ্রি.

অনুলিপি: (সদয় অবগতিকল্পে)
১। অতিরিক্ত মহাপরিচালক (বার্তা), বাংলাদেশ বেতার, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২। নথি।